# ১নং জুরাছড়ি ইউনিয়নের জুন/১৩ইং মাসিক সভা কার্য্যাবিবরনীঃ

অদ্য ১২/০৬/২০১৩ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় ১নং জুরাছড়ি ইউনিয়ন পরিষদ কার্যালয়ে জুন/১৩ইং মাসের ইউপি মাসিক সভা অনুস্থিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন, বাবু ক্যানন চাকমা চেয়ারম্যান, ১নং জুরাছড়ি ইউনিয়ন পরিষদ। সভায় নিম্নে উল্লেখিত ইউপি সদস্য/ সদস্যাগণ উপস্থিত ছিলেন।

**উপস্থিত সদস্য/সদস্যাগণদের নাম ও দস্তগত**

| ক্রঃনং | নাম | পদবী ও ওয়ার্ড নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | দয়াল বিহারী চাকমা | ১নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ২ | লক্ষীন্দ্র চাকমা | ২নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | নিবারন চাকমা | ৩নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | দীপক চাকমা | ৪নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | শুদ্ধোধন চাকমা | ৫নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | সমীর কান্তি চাকমা | ৬নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | জিবন কুমার চাকমা | ৭নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ৮ | বীরঙ্গ মোহন চাকমা | ৮নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ৯ | মিকো চাকমা | ৯নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | বিনন্দীনি চাকমা | ১,২,৩নং ওয়ার্ড সদস্যা | স্বাক্ষরিত |
| ১১ | মল্লিকা চাকমা | ৪,৫,৬নং ওয়ার্ড সদস্যা | স্বাক্ষরিত |
| ১২ | জলঙ্গ রানী চাকমা | ৭,৮,৯নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | বাবু অনিল কুমার চাকমা | সচিব, ১নং জুরাছড়ি ইউপি, | স্বাক্ষরিত |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয়ন উপস্থিত সদস্য/সদস্যাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পাঠান্তে তাহা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। সভায় নিম্নবর্নিত বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। ভিজিডি ঃ- সভাপতি মহোদয় জানান যে, ভিজিডি মহিলাদের চাউল বিতরণ তারিখে সকল মহিলারা নিদিষ্ট তারিখে অবশ্যই যেন চাউল নিতে আছে। বিতরণের তারিখটি এক সপ্তাহ আগে জানিয়ে দেওয়া হবে। তারিখ অনুসারে যেন চাউল নিতে আসে সে জন্য বিতরণের খবরটি দ্রুত পৌছানোর জন্য ইউপি সদস্যদের প্রতি অনুরোধ জানান।

২। টি,আর/কাবিখা ঃ- টি,আর /কাবিখা বিশেষ বরাদ্ধের ২য় কিস্তির খাদ্যশষ্য ছাড় না পাওয়ার কারণে প্রকল্পের কাজ দ্রুত ১০০% সম্পাদন করা হচ্ছেনা বলিয়া প্রকল্পের সভাপতি বাবু দায়াল বিহারী চাকমা সভাকে অবহিত করেন। সেহেতু সভায় টি/আর বিশেষ বরাদ্ধের বাকী কিস্তিতে খাদ্য শস্য ছাড় করার ব্যাপারে মাননীয় উপজেলা নির্বাহী অফিসারের মহোদয়ের দৃষ্টি আর্কষন করা হয়।

৩। জম্ম - মৃত্যু নিবন্ধন ঃ- ইউপি সচিব জানান জম্ম - মৃত্যু নিবন্ধন করা অপরিহার্য। সেহেতু যে সকল শিশুরা অদ্যাবদি জম্ম নিবন্ধন করে নাই তাদের যেন খুব শীঘ্রই জম্মই নিবন্ধন করা হয়। তৎজন্য প্রত্যেক ওয়ার্ডে গিয়ে জম্ম ও মৃত্যু তথা সংগ্রহ দ্রুত গতিতে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। এলজি এসপি বরাদ্দ ঃ- এলজি এসপি কর্মসূচীর আওতায় ২য় কিস্তিতে ৭টি প্রকল্পের কাজ বাস্তবায়ন করার লক্ষ্যে ইতিপূর্বে প্রকল্প দাখিল করা হয়েছে। সম্ভাব্য শেষ বরাদ্দের আলোকে প্রকল্পের অর্থ বিভাজন করে প্রকল্প অনুসারে অগ্রিম প্রকল্পের কাজ ১০০% সম্পাদন করার জন্য সকল প্রকল্প সভাপতিদের অনুরোধ করা হয়। অর্থ প্রাপ্তির সাথে সাথে প্রকল্প সভাপতিগনের অনুকুলে অর্থছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। বিশুদ্ধ পানীয় জল ঃ- পানীয় জলের সমস্যা বর্ষাকালে বেশী বিদ্দমান থাকে বিধায় প্রত্যেক ওয়ার্ডে টিউয়েল স্থাপনের জন্য সকল সদস্য/সদস্যাবর্গ সভাপতি মোদয়ের দৃষ্টি অর্কষন করেন। খুব দ্রুত যেন প্রত্যেক ওয়ার্ডে একটি করে টিউয়ের স্থাপন করা হয় সে ব্যাপারে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে যোগাযোগ করা হবে বলে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন।

এরপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

(ক্যানন চাকমা)
১নং জুরাছড়ি ইউনিয়ন পরিষদ
জুরাছড়ি, রাঙ্গামাটি।

তারিখ ঃ

স্বারক নং-জুরা/ইউপি/জুরা/রাঙ্গা/২০১/

**সদয়অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইলঃ**

১। মাননীয় জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

২। মাননীয় চেয়ারম্যান,উপজেলা পরিষদ, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৩। মাননীয় উপজেলা নির্বাহী অফিসার, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।।

(ক্যানন চাকমা)
১নং জুরাছড়ি ইউনিয়ন পরিষদ
জুরাছড়ি, রাঙ্গামাটি।

## ১নং জুরাছড়ি ইউনিয়নের জুন/১৩ইং মাসের ইউপি উন্নয়ন ও সমন্বয় সভা কার্য্যাবিবরনীঃ

অদ্য ১১/০৬/২০১৩ইং তারিখে সকাল ১০.০০ ঘটিকার সময় ১নং জুরাছড়ি ইউনিয়ন পরিষদ কার্য্যালয়ে জুন/১৩ইং মাসের ইউপি উন্নয়ন ও সমন্বয় সভা অনুস্থিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন, বাবু ক্যানন চাকমা চেয়ারম্যান, ১নং জুরাছড়ি ইউনিয়ন পরিষদ। সভায় নিম্নে উল্লেখিত ইউপি সদস্য/ সদস্যাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃনং | নাম | ওয়ার্ড নং/পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | দয়াল বিহারী চাকমা | ১নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | লক্ষীন্দ্র চাকমা | ২নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | নিবারন চাকমা | ৩নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | দীপক চাকমা | ৪নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | শুদ্ধোধন চাকমা | ৫নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | সমীর কান্তি চাকমা | ৬নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | কিরন কুমার চাকমা | ৭নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | বীরঙ্গ মোহন চাকমা | ৮নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ০৯ | মিকো চাকমা | ৯নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | বিনন্দীনি চাকমা | ১,২,৩নং ওয়ার্ড সদস্যা | স্বাক্ষরিত |
| ১১ | মল্লিকা চাকমা | ৪,৫,৬নং ওয়ার্ড সদস্যা | স্বাক্ষরিত |
| ১২ | জলঙ্গ রানী চাকমা | ৭,৮,৯নং ওয়ার্ড সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | দয়াল বিহারী চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ১৪ | লক্ষীন্দ্র চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ১৫ | নিবারন চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ১৬ | দীপক চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ১৭ | শুদ্ধোধন চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ১৮ | সমীর কান্তি চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ১৯ | কিরন কুমার চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ২০ | বীরঙ্গ মোহন চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ২১ | মিকো চাকমা | স্থায়ী কমিটির সভাপতি | স্বাক্ষরিত |
| ২২ | গোলাম রশুল | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ২৩ | বিদুৎ কুমার চৌধুরী | উপ-সহকারী কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | অরুন বিকাশ চাকমা | প্রাণী সম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৫ | বিশ্বের চাকমা | ইউনিয়ন পঃপঃ পরিদর্শক | স্বাক্ষরিত |
| ২৬ | ধন রতন চাকমা | ইউপি দল নেতা, আনসার ভিডিপি | স্বাক্ষরিত |
| ২৭ | দুর্জয় সিংহ | মেকানিক,জনস্বাস্থ প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ২৮ | সেলিনা দেওয়ান | বি,আর,ডি,বি সদস্য | স্বাক্ষরিত |
| ২৯ | ধর্ম চন্দ্র চাকমা | প্রধান শিক্ষক,খাগড়াছড়ি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | স্বাক্ষরিত |
| ৩০ | নিত্যানন্দ চাকমা | প্রধান শিক্ষক, পানছড়ি ভূবন জয় সরকারি প্রাঃবিঃ | স্বাক্ষরিত |
| ৩১ | অর্ণেষ চাকমা | এনজিও কর্মী,সোসাইটি ফর ট্রেনিং এন্ড রিহ্যাবিলিটেশন(ষ্টার) ভিজিডি প্রকল্প | স্বাক্ষরিত |
| ৩২ | জ্যোতিলেশ্বর চাকমা | গ্রাম সংগঠনের সভাপতি | স্বাক্ষরিত |
| ৩৩ | কিনাধন চাকমা | স্থানীয় ব্যবসায়ী | স্বাক্ষরিত |
| ৩৪ | শ্রীমৎ বুদ্ধশ্রী ভিক্ষু | ধর্মীয় নেতা | স্বাক্ষরিত |
| ৩৫ | জ্ঞানলতা চাকমা | নারী | স্বাক্ষরিত |
| ৩৬ | আনন্দ মুগি চাকমা | ” | স্বাক্ষরিত |
| ৩৭ | জীবন বিকাশ চাকমা | ইউডিও | স্বাক্ষরিত |
| ৩৮ | মায়ানন্দ দেওয়ান | হেডম্যান,১৪৩নং কুসুমছড়ি মৌজা | স্বাক্ষরিত |
| ৩৯ | শুক্রসেন কার্ব্বরী | | স্বাক্ষরিত |
| ৪০ | অনিল কুমার চাকমা | সচিব, ১নং জুরাছড়ি ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয়ন উপস্থিত সদস্য/সদস্যাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইউপি সদস্য সচিব বাবু অনিল কুমার চাকমাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অতঃপর তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।

অতঃপর জুন/২০১৩ইং মাসের আলোচনা শুরু হয়। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্নিত সিদ্ধান্ত গৃহীত হইল।

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তি |
|---|---|---|---|---|
| | এলজিএসপি বরাদ্দ | ইউপি সচিব বাবু অনিল কুমার চাকমা সভায় এলজিএসপি কর্মসূচীর আওতায় ২য় কিস্তির ৫,৬৮,১০১/-টাকা বরাদ্দের বিষয়টি সভায় অবহিত করেন। অদ্যাবধি ব্যাংক হিসাবের টাকা জামা না হওয়ায় প্রকল্পের কাজের বিল পরিশোধ করা সম্ভব হইতেছে না।<br>সেহেতু প্রকল্পের কাজের প্রস্তুতি নেওয়ার জন্য ওয়ার্ড সভাপতিকে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে ইতিপূর্বে সম্ভাব্য বরাদ্দের ক্ষেত্রে যে সকল প্রকল্প দাখিল করা হয়েছে সে সকল প্রকল্প সমূহের কাজ অগ্রিম শুরু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হইল। | সকল প্রকল্প সভাপতিগন। |
| | টি/আর | টি/আর কর্মসূচীর খাতে ২য় পর্যায়ে বিশেষ বরাদ্দ ৩৯.৯৪৯১মেঃটন খাদ্যশস্যর দ্বারা যে সকল প্রকল্প গ্রহন করা হয়েছে। সে সকল প্রয়োজনীয় কার্য্যাবলী সম্পাদনের জন্য সভাপতি মহোদয় অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে প্রকল্প কাজের ১ম কিস্তির মাস্টারোল জমাদান সহ চুরান্ত কিস্তি খাদ্যশস্য উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা দেন। | সকল প্রকল্প সভাপতিগন। |
| | কাবিখা | কাবিখা কর্মসূচীর আওতায় ২০১২-১৩ইং অর্থ বছরের ১ম ও ২য় কিস্তিতে বরাদ্ধ কৃত খাদ্যশস্যর দ্বারা গৃহীত প্রকল্পের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। প্রায়ই প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন হয়েছে মর্মে সভাপতি মহোদয় প্রকল্পের আনুসাঙ্গিক যাবতীয় কাগজ পত্রাদি দাখিল করার তাগিদ দেন। | বিস্তারিত আলোচনায় খুব শীঘ্রই সকল প্রকল্পের মাষ্টারোল জমা করার সিদ্ধান্ত গৃহীত হইল। | সকল প্রকল্প সভাপতিগন। |
| | ভিজিডি | ভিজিডি চাউল জুন/২০১৩ইং মাসে ২০ তারিখের আগে বিতরণ করার জন্য সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন। তাছাড়া জুন মাসে অফিসের কাজ প্রচুর ঝামেলাপূর্ন হওয়ায় বিতরণ যেন সুষ্ট হয় সেহেতু সকল ভিজিডি মহিলাগণকে নির্ধারিত তারিখের বিতরনের সংবাদটি দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য সকলকে পরামর্শ দেন। | জুন/২০১৩ইং তারিখের আগে যেন ভিজিডি চাউলের ডিও দেওয়া হয় সে ব্যাপারে সভাপতি মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। | চেয়ারম্যান, ১নং জুরাছড়ি ইউপি। |
| | রির্পোট সংক্রান্ত | সকল রির্পোট সমূহ উদ্ধতন কর্তৃপক্ষের নিকট যথা সময়ে পৌছানোর বিষয়ে দাপ্তরিক গুরুত্বপূর্ন কাজ ঠিক ঠাক রাখার জন্য ইউপি সচিবকে সভাপতি মহোদয় অনুরোধ জানান। | সকল প্রতিবেদন যেন যথাসময়ে দেওয়া যাইতে পারে সে বিষয়ে সচিবকে সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি সচিব। |

এরপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

(ক্যানন চাকমা)
১নং জুরাছড়ি ইউনিয়ন পরিষদ
জুরাছড়ি, রাঙ্গামাটি।
তারিখ ঃ

স্মারক নং-জুরা/ইউপি/জুরা/রাঙ্গা/২০১/

**সদয়অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইলঃ**

১। মাননীয় জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। মাননীয় চেয়ারম্যান,উপজেলা পরিষদ, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩। মাননীয় উপজেলা নির্বাহী অফিসার, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।